দৈনিক ইনকিলাব

তারিখ 11 DEC 1991
পৃষ্ঠা ১ কলাম ১

148

# ছাত্র লীগ কর্মী আহত হওয়ায় গুলিস্তানে ১৫টি গাড়ী ভাঙচুর

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

পুলিশের জীপ মুজিববাদী ছাত্র লীগের মিছিল অনুসরণকালে একজন ছাত্র লীগ কর্মী জীপের ধাক্কায় পায়ে আঘাত পেলে বিক্ষুব্ধ ছাত্র লীগ কর্মীরা গতকাল গুলিস্তান এলাকায় কমপক্ষে ১৫টি যানবাহন ভাঙচুর করে এবং কয়েকটি গাড়ীতে অগ্নি সংযোগ করে।

ঘটনার সময় পুলিশ ছাত্র লীগের ২ জন নেতা-কর্মীকে গাড়ীতে উঠিয়ে নিয়ে যায়। এদিকে সকালে মুজিববাদী ছাত্র লীগ কর্মীরা নীলক্ষেত এলাকায় একটি বেসরকারী মাইক্রোবাসে আগুন ধরিয়ে দেয় এবং পরে বৃটিশ কাউন্সিলে গিয়ে দু'টি গাড়ী ভাঙচুর করে। এ কারণে গতকাল বৃটিশ কাউন্সিল বন্ধ থাকে।

মুজিববাদী ছাত্র লীগ গতকাল সকাল ১১টায় ছাত্রনেতা মাসুমসহ অন্যান্যের মুক্তি দাবীতে কেন্দ্রীয় শহীদ মিনার থেকে একটি বিক্ষোভ মিছিল বের করে এবং জাতীয় প্রেস ক্লাবের সামনে সমাবেশ করে। ছাত্রনেতা এস এম

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## গাড়ী ভাঙচুর

প্রথম পৃষ্ঠার পর

সোলায়মান আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে ছাত্র লীগ নেতা কামরুল আহসান, বিএম মোজাম্মেল হক, মমতাজ উদ্দিন মেহেদী, গোলাম মোস্তফা সুজন ও কামরুজ্জামান আনসারী বক্তব্য রাখেন। সমাবেশের পর ছাত্র লীগের বিক্ষোভ মিছিল বঙ্গবন্ধু এভিনিউর দিকে অগ্রসর হয়। এ সময় পুলিশের জীপ মিছিল অনুসরণ করছিল। এক পর্যায়ে ছাত্র লীগের সিটি কলেজ শাখার নেতা বাবুল পুলিশের জীপের সাথে ধাক্কা লেগে পায়ে আঘাত পেলে ছাত্র লীগ কর্মীরা বিক্ষুব্ধ হয়ে উঠে এবং এলোপাথাড়ি কমপক্ষে ১৫টি গাড়ীর ক্ষতিসাধন করে। এ সময় পুলিশের সাথেও ছাত্র লীগ কর্মীদের ধাওয়া পাল্টা ধাওয়া এবং ইট-পাটকেল বিনিময় হয়। পুলিশ কয়েক রাউণ্ড টিয়ার গ্যাস ছোড়ে। ঘটনার সময় পুলিশ ছাত্র লীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক কামরুজ্জামান আনসারী ও অপর একজনকে গাড়ীতে উঠিয়ে নেয়। পরে ছাত্র লীগ কর্মীরা ক্যাম্পাসে ফেরার পথে জগন্নাথ হলের কাছে একটি মোটর সাইকেল ভাঙচুর করে।

এর পর পরই শামসুন্নাহার হলের সামনে ছাত্র লীগ কর্মীদের সাথে পুলিশের কয়েক দফা ধাওয়া পাল্টা ধাওয়া হয়। পুলিশ দু'রাউণ্ড টিয়ার গ্যাসের শেল ছোড়ে।

**ছাত্র লীগের সাংবাদিক সম্মেলন**

মুজিববাদী ছাত্র লীগ গতকাল বিকেলে জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বলেছে, বর্তমান সরকার এরশাদীয় কায়দায় ছাত্র লীগ নেতৃবৃন্দের উপর একের পর এক জুলুম ও নির্যাতন চালিয়ে যাচ্ছে। অথচ ছাত্র দলের চিহ্নিত সন্ত্রাসীরা অবাধে সুগন্ধায় আনাগোনা করছে। কিন্তু পুলিশ তাদের গ্রেফতার করছে না। ছাত্র লীগ নেতা বিএম মোজাম্মেল হক সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। এ সময় ছাত্র লীগের অন্যান্য নেতাগণ এতে উপস্থিত ছিলেন।